

CHAPRA BANGALJHI MAHA VIDYALAYA

P.O. : BANGALJHI, DIST.-NADIA, PIN - 741123

Phone : 03474-271108

Fax : 03474-271262



Website : www.cbmahavidyalaya.ac.in

Email : chpracollege@gmail.com

From - President / Principal

Memo No. 1 - CBM/KU - Exam /UG - Part - II /2020

Date. 23/09/2020

বিজ্ঞপ্তি

তারিখ ২৩.০৯.২০২০

কল্যাণী বিশ্ববিদ্যালয় ১৮.০৯.২০২০ তারিখে তৃতীয় বর্ষ (পার্ট-৩, ফাইনাল) বার্ষিক পরীক্ষা সংক্রান্ত যে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে তার পরিপ্রেক্ষিতে চাপড়া বাঙালঝি মহাবিদ্যালয়ের তৃতীয় বর্ষের পরীক্ষার্থীদের পরীক্ষা সংক্রান্ত নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে অবহিত করা হচ্ছে :

- ১। পরীক্ষার্থীরা পরীক্ষার সূচি অনুসারে বাড়িতে বসে পরীক্ষা দিতে পারবে। পরীক্ষার সূচী ইতিমধ্যেই কল্যাণী বিশ্ববিদ্যালয় এবং কলেজের ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হয়েছে।
- ২। পরীক্ষার্থীরা তাদের নির্ধারিত প্রশ্নপত্র বিশ্ববিদ্যালয় এবং কলেজের ওয়েবসাইট থেকে সূচী অনুসারে পরীক্ষা শুরুর এক ঘন্টা আগে দেখতে কিংবা ডাউনলোড করতে পারবে।
- ৩। পরীক্ষার প্রশ্নের উত্তর লেখার জন্য এ-ফোর (A-4) সাইজের কাগজ ব্যবহার করতে হবে। এই কাগজের একদিকে উত্তর লিখতে হবে। লিখিত পত্রগুলিতে প্রতিটি পৃষ্ঠায় উপরে ডানদিকে অবশ্যই পৃষ্ঠা সংখ্যা (যেমন পৃষ্ঠা সংখ্যা- ১,২,৩...) লিখতে হবে।
- ৪। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ প্রতিটি পৃষ্ঠার উপরে পরীক্ষার নাম, রেজিস্ট্রেশন নম্বর, রোল নম্বর, বিষয় এবং পেপার (অ্যাডমিট কার্ড অনুযায়ী) স্পষ্ট ও নির্ভুল ভাবে উল্লেখ করা আবশ্যিক।
- ৫। পরীক্ষা শেষ হওয়ার নির্ধারিত সময়ের দুই ঘন্টার মধ্যে (অনার্স-এর ক্ষেত্রে সন্ধ্যা ৬টা এবং জেনারেলদের ক্ষেত্রে প্রথমার্ধ পরীক্ষায় দুপুর ৩ টা / দ্বিতীয়ার্ধ পরীক্ষায় সন্ধ্যা ৭ টা) উত্তরপত্রটি স্ক্যান করে পিডিএফ ফরমেটে কিংবা ছবি তুলে কলেজ ওয়েবসাইটের সুনির্দিষ্ট পোর্টালে নিজেদের নামের পাশে নির্দিষ্ট স্থানে আপলোড করতে হবে।
- ৬। ইন্টারনেট ব্যবস্থার সমস্যার কারণে অনলাইনে খাতা জমা (সাবমিশন) দিতে অসুবিধার সম্মুখীন হলে সেই মুহূর্তেই নিজের বিভাগের সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষিকার সঙ্গে যোগাযোগ করতে হবে। তারপর অধ্যক্ষের নির্দেশ অনুসারে উত্তরপত্র জমা করার বিষয়টি নিয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

CHAPRA BANGALJHI MAHAVIDYALAYA

P.O. : BANGALJHI, DIST.-NADIA, PIN - 741123

Phone : 03474-271108

Fax : 03474-271262



Website : www.cbmahavidyalaya.ac.in

Email : chapracollege@gmail.com

From - President / Principal

Memo No.....

Date.....

৭। বিশেষ জরুরী পরিস্থিতিতে উত্তরপত্রটি মুখবন্ধ খামে ভরে খামের উপর রেজিস্ট্রেশন নম্বর, রোল নম্বর, বিষয়, পত্র প্রভৃতি লিখে কলেজ অফিসে জমা করা যাবে। কিন্তু মনে রাখতে হবে বিশেষ জরুরী পরিস্থিতি ছাড়া এই পদ্ধতি অনুসরণ করা যাবে না। বর্তমান অতিমারী পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় প্রদত্ত নিয়ম অনুসারে ছাত্র-ছাত্রীদের সামাজিক দূরত্ব মেনে অনলাইন সাবমিশন প্রক্রিয়া গ্রহণ করতে বিশেষভাবে নির্দেশ দেওয়া হচ্ছে।

৮। নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তরপত্র জমা (আপলোড) না দিলে পরে তা আর কোনোভাবেই গ্রাহ্য করা হবে না।

৯। ব্যবহারিক বিষয়গুলির ক্ষেত্রে একইভাবে এই নিয়মগুলি প্রযোজ্য হবে।

বি.দ্র : ছাত্রছাত্রীদের কল্যাণী বিশ্ববিদ্যালয় ও মহাবিদ্যালয় প্রদত্ত Notice/Circular নিয়মিত অনুসরণ করার জন্য বলা হচ্ছে।

- কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট : <https://www.klyuniv.ac.in>
- কলেজের ওয়েবসাইট : www.cbmahavidyalaya.ac.in

অধ্যক্ষ

চাপড়া বাঙালঝি মহাবিদ্যালয়

বাঙালঝি, নদীয়া

Principal
Chupra Bangaljhi Mahavidyalaya
Chupra, Nadia.